



হল সুপারের কার্যালয়
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর।

স্মারক নং- হাবিপ্রবি/বশেমুর হল/২০১৮/০৩

তারিখঃ ১৪.০৩.২০১৮

বিজ্ঞপ্তি


এতদ্বারা হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর -এর সকল ছাত্রদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ বিশ্ববিদ্যালয়ের নব নির্মিত 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল' এ ছাত্রদের সিট বরাদ্দ দেয়া হবে। সে মর্মে, এ বিশ্ববিদ্যালয়ের আত্মহী ছাত্রদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা হল।

শর্তাবলীঃ

১. ২০১৭ বা তদপূর্ব শিক্ষাবর্ষের ভর্তিকৃত ছাত্রদেরকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
২. আবেদনকারীকে আবেদনপত্রের সাথে ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটোগ্রাফ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
৩. আবেদনকারীর আবেদনপত্রে সংশ্লিষ্ট অনুষদীয় ডীন মহোদয় কর্তৃক প্রদানকৃত প্রত্যয়নপত্র (শিক্ষাবর্ষ ও লেভেল-সিমেস্টার যাচাইয়ের সুবিধার্থে) সংযুক্ত করতে হবে।
৪. আবেদনকারী যে হলে এটাচড (Attached) আছে তাদেরকে অবশ্যই এটাচড (Attached) হলের হল সুপার কর্তৃক আবেদনপত্রে সুপারিশ থাকতে হবে (আপত্তি আছে/নাই)।
৫. হলে সিটের জন্য সাময়িকভাবে মনোনীত ছাত্রদেরকে অবশ্যই আবাসিক হতে হবে।
৬. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৭. আসন সীমাবদ্ধতার কারণে সকল আবেদনকারীকেই হল কর্তৃপক্ষ হলে সিট বরাদ্দের নিশ্চয়তা প্রদান করেন না।
৮. আবেদন পত্র সংগ্রহের স্থানঃ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট।
৯. আবেদনপত্র জমাদানের স্থানঃ
ক. মো. ফরিদুল্লাহ, সহকারী হল সুপার, রুম নম্বর: ১৩২, ড. এম. এ. ওয়াজেদ ভবন, অথবা
খ. ডা. মো. সাজেদুর রহমান, সহকারী হল সুপার, রুম নম্বর: ৩১০ (৩য় তলা), ভেটেরিনারি অ্যান্ড এনিমেল সায়েন্স অনুষদ ভবন।
১০. আবেদনপত্র জমাদানের সময়ঃ সকাল ১০:০০ হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত (কার্য দিবসে)।
১১. আবেদন পত্র জমাদানের শেষ তারিখঃ ০৫.০৪.২০১৮ইং (বিকাল ৪:০০ টা পর্যন্ত)।

অনুলিপিঃ

- ১। ডীন মহোদয়, সকল অনুষদ (সদয় অবগতির জন্য)।
- ২। রেজিস্ট্রার, হাবিপ্রবি, দিনাজপুর।
- ৩। প্রক্টর, হাবিপ্রবি, দিনাজপুর।
- ৪। পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ, হাবিপ্রবি, দিনাজপুর।
- ৫। হল সুপার, সকল হল (প্রচারের অনুরোধসহ)।
- ৬। কো-অর্ডিনেটর, আইটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৭। পি. এস. টু ভিসি (মাননীয় ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সকল নোটিশ বোর্ড।
- ৯। অফিস নথি।


১৪.০৩.২০১৮

(ডা. মো. নজরুল ইসলাম)

হল সুপার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল

হাবিপ্রবি, দিনাজপুর।